| ক্রমিক নম্বর | অঙ্গের নাম | অনুমোদিত ডিপিপি অনুযায়ী | | মার্চ ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ/সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | বাস্তব | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২৫ | নির্মাণকালীন সুদ (পিজিসিবি) | থোক | ৭৯৭৯.১৪ | - | - |
| | নির্মাণকালীন সুদ (আরইবি) | থোক | ১৬৮.২১ | - | - |
| ২৬ | ডেভেলপমেন্ট ক্যাপিটাল ফান্ড (আইটি এবং ভ্যাট) (পিজিসিবি) | থোক | ১৭৮৮.৬৩ | - | - |
| ২৭ | প্রাইস কন্টিজেন্সী (পিজিসিবি) | থোক | ৪১৫৯.৬৬ | - | - |
| | প্রাইস কন্টিজেন্সী (আরইবি) | থোক | ৯৬.২২ | - | - |
| ২৮ | ফিজিক্যাল কন্টিজেন্সী (পিজিসিবি) | থোক | ২৯৫৩.৯২ | - | - |
| | ফিজিক্যাল কন্টিজেন্সী (আরইবি) | থোক | ৭৭.০৮ | - | - |
| | সর্বমোট | | ১৩৩২৬৭.৬৩ | | ২৮৮.৩৭ (০.০০২%) |

৯. **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

**প্রধান অঙ্গসমূহের বিবরণ:**

৯.১ অনুমোদিত ডিপিপি অনুসারে ঢাকার কেরাণীগঞ্জ উপজেলায় ২৩০/১৩২/৩৩ কেভির ১টি উপকেন্দ্র নির্মাণের জন্য ৩০০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩ একর ভূমি অধিগ্রহণের ও ১৮০.৯২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩ মিটার গভীরতাসম্পন্ন ৩৬৪২১.৭৪ লঃ ঘঃমিঃ ভূমি উন্নয়নের সংস্থান রয়েছে। পরিদর্শনকালীন সময় পর্যন্ত জানা যায় যে ৩ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির সভায় ১৬ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অনুমোদিত হয়েছে। জেলা প্রশাসক, ঢাকা এর কার্যালয়ে এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ প্রক্রিয়াধীন আছে। ডিপিপি'র বার্ষিক লক্ষ্যমাত্রা অনুসারে ২০১৪-১৫ অর্থবছরে এ কাজ সম্পন্নের কথা থাকলেও অদ্যাবধি তা সম্পন্ন হয়নি।

৯.২ কেরাণীগঞ্জ থেকে নাববগঞ্জ পর্যন্ত ২৫ কিঃমিঃ দৈর্ঘ্যের ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন, কেরাণীগঞ্জ থেকে শ্রীনগর পর্যন্ত ১৫ কিঃমিঃ দৈর্ঘ্যের ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন, হাসনাবাদ থেকে আমিনবাজার পর্যন্ত ২৩০ কেভি বিদ্যমান সঞ্চালন লাইন থেকে কেরাণীগঞ্জে নির্মিতব্য ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে ১ কিলোমিটারের ইন-আউট ডাবল সার্কিট সঞ্চালন লাইন, বিদ্যমান সঞ্চালন লাইনের সঙ্গে কেরাণীগঞ্জে নির্মিতব্য ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের সংযোগ প্রদানের উদ্দেশ্যে ৩.৫ কিলোমিটারের ফোর সার্কিট ইন্টারকানেকটিং, ১৩২ কেভি সঞ্চালন লাইনের চলাচলপথ পুনঃনির্ধারণপূর্বক নির্মিতব্য ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে সংযোগ প্রদানের জন্য ২ কিলোমিটারের সঞ্চালন লাইন নির্মাণের সংস্থান আছে। ডিপিপি'র প্রকিউরমেন্ট পরিকল্পনা অনুসারে জুলাই ২০১৭ এর মধ্যে এ অঙ্গের কাজ সম্পাদনের জন্য নির্ধারিত আছে। পরিদর্শনকালীন সময় পর্যন্ত এ কাজের রুট সার্ভে সম্পন্ন হয়েছে বলে জানা যায় এবং ২ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে এ কাজের দরপত্র আহবানের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। চুক্তি স্বাক্ষরের সম্ভাব্য তারিখ হচ্ছে ১৯ জুলাই ২০১৬। আর্থিক অগ্রগতি নেই, তবে ভৌত অগ্রগতি হচ্ছে ৩%।

৯.৩ কেরাণীগঞ্জ জেলায় ৩×২২৫/৩০০ এমভিএ ট্রান্সফরমার (২৩০/১৩২ কেভি) এবং ২×২৫০/৭৫ এমভিএ ট্রান্সফরমার (১৩২/৩৩ কেভি)সহ ১টি ২৩০/১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণ অনুমোদিত আছে। ডিপিপি'র প্রকিউরমেন্ট পরিকল্পনা অনুসারে জুলাই ২০১৭ এর মধ্যে এ উপকেন্দ্র নির্মাণের কাজ সম্পন্ন করতে হবে। পরিদর্শনকালীন সময় পর্যন্ত এ কাজের জন্য ৮ সেপ্টেম্বর ২০১৫ তারিখে দরপত্র আহবান সম্পন্নপূর্বক ২৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ঠিকাদারের অনুকূলে NOA জারী করা হয়েছে। এ অঙ্গের কোন আর্থিক অগ্রগতি নেই এবং ভৌত অগ্রগতি হচ্ছে ২.৯৩%।

৯.৪ প্রকল্প পরিচালকের সঙ্গে আলোচনাকালে জানা যায় যে, দাতা সংস্থা আইডিএ এর পরামর্শ অনুসারে বীড ডকুমেন্ট প্রণয়নে বিলম্বের কারণে দরপত্র প্রক্রিয়া বিঘ্নিত হয়েছে। কেরাণীগঞ্জ উপকেন্দ্র নির্মাণের জন্য ৩ একর জমি DAP এলাকার আওতাভুক্ত ছিল বিধায় জমিটি অধিগ্রহণে জটিলতার সৃষ্টি হয় এবং অধিগ্রহণ প্রক্রিয়া বিঘ্নিত হয়। এ ছাড়া চুক্তি সংক্রান্ত দলিলপত্রের উপর বানিজ্য, অর্থ এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং প্রাপ্তিতে বিলম্বের কারণেও প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়।

